গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২১.২১০

তারিখ : ০৩ আষাঢ় ১৪৩২ / ১৭ জুন ২০২৫

**বিষয়: ২০২৪-২৫ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে আকাশমনি ও ইউক্যালিপটাস চারা ধ্বংসকল্পে উৎপাদনকারী বেসরকারি/ব্যক্তি মালিকানাধীন নার্সারি মালিকদের ক্ষতিপূরণ সহায়তা বাবদ জি.ও জারি।**

সূত্র: ১) কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২১.২০৮, তারিখ: ১৭/০৬/২০২৫ খ্রি.
২) কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২১.২০৯, তারিখ: ১৭/০৬/২০২৫ খ্রি.
৩) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর স্মারক নং – ০৭.০০.০০০০.১২০.১৬.১৩০.২৪-৪৪৯, তারিখ ১৭/০৬/২০২৫।
৪) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর স্মারক নং – ১২.০০১.০০০০.১৬৬.৩৮.০০১.২০.১৯৩৬, তারিখ ১৭/০৬/২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, অর্থ বিভাগের অনুমোদনক্রমে ২০২৪-২৫ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে আকাশমনি ও ইউক্যালিপটাস চারা উৎপাদনকারী বেসরকারি/ব্যক্তি মালিকানাধীন নার্সারি মালিকদের ক্ষতিপূরণ সহায়তা/পুনর্বাসন কর্মসূচি বাবদ ৩৭৫.১৫৬ লক্ষ (তিন কোটি পঁচাত্তর লক্ষ পনেরো হাজার ছয়শত) টাকা ০২ নং অনুচ্ছেদে উল্লিখিত জেলাভিত্তিক আকাশমনি ও ইউক্যালিপটাস গাছের চারা উৎপাদনকারী বেসরকারী ও ব্যক্তি পর্যায়ের নার্সারী মালিকদের চারাসমূহ ধ্বংসের জন্য ক্ষতিপূরণ বাবদ নগদ অর্থ সহায়তা প্রদানের লক্ষ্যে ০৩ নং অনুচ্ছেদে উল্লিখিত বাস্তবায়ন পদ্ধতি, শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এ প্রণোদনা কর্মসূচির জেলাভিত্তিক আকাশমনি ও ইউক্যালিপটাস গাছের চারার সংখ্যা ও ক্ষতিপূরণের অর্থ বিভাজন নিম্নরূপ:

| ক্র. নং | জেলার নাম | উপকরণের পরিমান(সংখ্যা) | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|
| | | চারার পরিমাণ | '৩২৫১১০৯-বীজ ও চারা' | |
| ১ | গাজীপুর | ১৮২৬০০ | ৭.৩০৪ | ৭.৩০৪ |
| ২ | নরসিংদি | ১১০৬০০ | ৪.৪২৪ | ৪.৪২৪ |
| ৩ | মুন্সীগঞ্জ | ১০০০০ | ০.৪০০ | ০.৪০০ |
| ৪ | মানিকগঞ্জ | ৫৫৫০০ | ২.২২০ | ২.২২০ |
| ৫ | টাংগাইল | ৭২৮০০০ | ২৯.১২০ | ২৯.১২০ |
| ৬ | কিশোরগঞ্জ | ৮৪০০ | ০.৩৩৬ | ০.৩৩৬ |
| ৭ | ময়মনসিংহ | ২১৬৫০০ | ৮.৬৬০ | ৮.৬৬০ |
| ৮ | জামালপুর | ৮৮০০০ | ৩.৫২০ | ৩.৫২০ |
| ৯ | শেরপুর | ২৪৩০০০ | ৯.৭২০ | ৯.৭২০ |
| ১০ | নেত্রকোনা | ২০৬০০ | ০.৮২৪ | ০.৮২৪ |
| ১১ | কুমিল্লা | ৭৫০০০ | ৩.০০০ | ৩.০০০ |
| ১২ | চাঁদপুর | ২৫৮০০ | ১.০৩২ | ১.০৩২ |
| ১৩ | ব্রাহ্মণবাড়িয়া | ৫৬৫০০ | ২.২৬০ | ২.২৬০ |
| ১৪ | সিলেট | ৯৫৫০০ | ৩.৮২০ | ৩.৮২০ |
| ১৫ | মৌলভীবাজার | ১৩৫০০০ | ৫.৪০০ | ৫.৪০০ |
| ১৬ | হবিগঞ্জ | ৪৫৯৭০০ | ১৮.৩৮৮ | ১৮.৩৮৮ |
| ১৭ | সুনামগঞ্জ | ৩৪০০ | ০.১৩৬ | ০.১৩৬ |
| ১৮ | চট্টগ্রাম | ৭৩৮৪০০ | ২৯.৫৩৬ | ২৯.৫৩৬ |
| ১৯ | কক্সবাজার | ১৭৩৩০০০ | ৬৯.৩২০ | ৬৯.৩২০ |
| ২০ | নোয়াখালী | ১৩৩৬০০ | ৫.৩৪৪ | ৫.৩৪৪ |
| ২১ | ফেনি | ৬৫৬০০ | ২.৬২৪ | ২.৬২৪ |
| ২২ | লক্ষীপুর | ১১৭০০ | ০.৪৬৮ | ০.৪৬৮ |
| ২৩ | রাংগামাটি | ১৮০০ | ০.০৭২ | ০.০৭২ |
| ২৪ | বান্দরবন | ৭৯২১০০ | ৩১.৬৮৪ | ৩১.৬৮৪ |

| ক্র. নং | জেলার নাম | উপকরণের পরিমান(সংখ্যা) | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|
| | | চারার পরিমান | '৩২৫১১০৯-বীজ ও চারা' | |
| ২৫ | নওগাঁ | ২২৫৫০০ | ৯.০২০ | ৯.০২০ |
| ২৬ | চাঁপাই নবাবগঞ্জ | ৫৭০০ | ০.২২৮ | ০.২২৮ |
| ২৭ | বগুড়া | ১৯০৮০০ | ৭.৬৩২ | ৭.৬৩২ |
| ২৮ | জয়পুরহাট | ৫৪৫০০ | ২.১৮০ | ২.১৮০ |
| ২৯ | পাবনা | ৪৭৯০০ | ১.৯১৬ | ১.৯১৬ |
| ৩০ | সিরাজগঞ্জ | ১৫৬৩০০ | ৬.২৫২ | ৬.২৫২ |
| ৩১ | রংপুর | ১৯২৩০০ | ৭.৬৯২ | ৭.৬৯২ |
| ৩২ | গাইবান্ধা | ৭৮৪৩০০ | ৩১.৩৭২ | ৩১.৩৭২ |
| ৩৩ | কুড়িগ্রাম | ৭৩৯০০ | ২.৯৫৬ | ২.৯৫৬ |
| ৩৪ | লালমনিরহাট | ৭৪৫০০ | ২.৯৮০ | ২.৯৮০ |
| ৩৫ | নীলফামারী | ৩১৯৫০০ | ১২.৭৮০ | ১২.৭৮০ |
| ৩৬ | দিনাজপুর | ৭২০৮০০ | ২৮.৮৩২ | ২৮.৮৩২ |
| ৩৭ | ঠাকুরগাঁও | ৩০১১০০ | ১২.০৪৪ | ১২.০৪৪ |
| ৩৮ | পঞ্চগড় | ১২৬৫০০ | ৫.০৬০ | ৫.০৬০ |
| ৩৯ | যশোর | ১৪০০০ | ০.৫৬০ | ০.৫৬০ |
| ৪০ | ঝিনাইদহ | ৭৮০০ | ০.৩১২ | ০.৩১২ |
| ৪১ | মাগুড়া | ২৫০০ | ০.১০০ | ০.১০০ |
| ৪২ | কুষ্টিয়া | ৩১২০০ | ১.২৪৮ | ১.২৪৮ |
| ৪৩ | মেহেরপুর | ৮৫০০ | ০.৩৪০ | ০.৩৪০ |
| ৪৪ | খুলনা | ৫০০০ | ০.২০০ | ০.২০০ |
| ৪৫ | সাতক্ষীরা | ১৮০০ | ০.০৭২ | ০.০৭২ |
| ৪৬ | পিরোজপুর | ২৩৫০০ | ০.৯৪০ | ০.৯৪০ |
| ৪৭ | ঝালকাঠি | ৭৬০০ | ০.৩০৪ | ০.৩০৪ |
| ৪৮ | ফরিদপুর | ৬২০০ | ০.২৪৮ | ০.২৪৮ |
| ৪৯ | রাজবাড়ী | ৬৯০০ | ০.২৭৬ | ০.২৭৬ |
| | | **৯৩৭৮৯০০** | **৩৭৫.১৫৬** | **৩৭৫.১৫৬০** |

**প্রতিটি চারার মূল্য ৪.০০ টাকা করে ধরা হয়েছে।

০৪। কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. আকাশমনি ও ইউক্যালিপটাস চারা ধ্বংসকল্পে উৎপাদনকারী বেসরকারি/ব্যক্তি মালিকানাধীন নার্সারী মালিকদের নিকট হতে চারা ক্রয়ের ক্ষেত্রে প্রস্তাবিত বাস্তবায়ন পদ্ধতিতে চারা ক্রয়ের উদ্দেশ্য ও যৌক্তিকতা স্পষ্টীকরণ, নার্সারীর ধরণ নির্ধারণ ও নির্বাচন পদ্ধতি, ক্রয়কৃত চারার সংখ্যা, অর্থের পরিমাণ নির্ধারণ, বিতরণ পদ্ধতি ও অর্থ ছাড়করণ, মনিটরিং ব্যবস্থাপনা ও রেকর্ড সংরক্ষণ পদ্ধতি অন্তর্ভুক্ত করে একটি বাস্তবায়ন পদ্ধতি জারী করে উক্ত অর্থ ব্যয় করতে হবে;

২. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য কার্যক্রমের সাথে দ্বৈততা পরিহারের বিষয়টি প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক নিশ্চিত করতে হবে এবং আকাশমনি ও ইউক্যালিপটাস চারা ধ্বংসকল্পে চারা উৎপাদনকারী কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত একটি নার্সারী একবার এ অর্থ প্রাপ্য হবেন;

৩. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে **PPA' ২০০৬ ও PPR' ২০০৮** অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৪. নার্সারী হতে চারা ক্রয় কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ বেসরকারী ও ব্যক্তি মালিকানাধীন নার্সারী নির্বাচন ও অগ্রাধিকার তালিকা প্রস্তুত করেছেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি অগ্রাধিকার তালিকা অনুযায়ী বরাদ্দকৃত অর্থ নীতিমালা অনুযায়ী ব্যয় করবেন;

৫. জেলা কমিটি উক্ত তালিকা অনুযায়ী বেসরকারী নার্সারী ও ব্যক্তি মালিকানাধীন নার্সারী মালিকের তালিকা ও ধ্বংসযোগ্য চারার সংখ্যা চূড়ান্ত করবেন। জেলা কমিটি চূড়ান্তকৃত তালিকার নার্সারী মালিকদের নিকট হতে নির্ধারিত গড় মূল্যে আকাশমনি ও ইউক্যালিপটাস চারা ক্রয় অর্থাৎ ক্ষতিপূরণ প্রদান করবেন। ছোট চারাসমূহ ধ্বংস ও বড় চারাগুলো লাকড়ি হিসেবে ব্যবহার করার জন্য নিলামে বিক্রয়পূর্বক বিক্রয়লব্ধ অর্থ সরকারি খাতে জমা করতে হবে। বেসরকারী নার্সারী ও ব্যক্তি মালিকানাধীন নার্সারী মালিকদের নিকট হতে লিখিত অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে যাতে করে ভবিষ্যতে তারা আকাশমনি ও ইউক্যালিপটাস চারা উৎপাদন না করে;

৬. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ক্ষতিপূরণ/পুনর্বাসনের জন্য প্রদত্ত অর্থ বিতরণের নিমিত্ত ব্লক/ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট বেসরকারী নার্সারী ও ব্যক্তি মালিকানাধীন নার্সারী মালিকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং অর্থ বিতরণের তালিকা এবং জব্দকৃত চারার তালিকার ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত অর্থ বিতরণ ও চারা জব্দের তালিকা ০১ (এক) কপি সংরক্ষন করবেন এবং ০১ (এক) কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর-এর মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন এবং ০১ (এক) কপি ৪৭ টি জেলার জেলা প্রশাসক ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং ০২ পার্বত্য জেলার (রাঙ্গামাটি ও বান্দরবান) জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করবেন। এছাড়া, নার্সারী/বাগান মালিকদের তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েব সাইটে/ওয়েব পোর্টালে প্রকাশ করতে হবে;

৭. পুনর্বাসন কার্যক্রম শেষ হওয়ার পরে যথাসম্ভব দ্রুততার সাথে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক admonitoring@dae.gov.bd/ddmonitoring@yahoo.com ই-মেইলে প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ৪৭ টি জেলার জেলা প্রশাসক ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং ০২ পার্বত্য জেলার (রাঙ্গামাটি ও বান্দরবান) জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে। **অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে**। কোনোভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না;

৮. **চারা বাবদ অর্থ বিতরণের সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে;** এবং

৯. **এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য প্রণোদনা/ পুনর্বাসন কর্মসূচির সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবে;**

১০. প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'বেসরকারি/ব্যক্তি মালিক তথ্য ছক' ছক (সরকারি ই-মেইলের (E-mail-admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com) মাধ্যমে প্রেরণ করা হলে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)

জেলার নাম:
উপজেলার নাম:
ইউনিয়ন/ পৌরসভার নাম :
গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| নং | বেসরকারি/ব্যক্তি নার্সারী মালিক এর নাম ও প্রতিষ্ঠানের নাম | পিতা ও মাতার নাম | বেসরকারি/ব্যক্তি নার্সারী মালিক এর জাতীয় পরিচয় পত্রের নম্বর | মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত চারা সহায়তার বিবরণ |
|---|---|---|---|---|---|
| | | | | | চারার নাম ও জাত-<br>চারার পরিমাণ- |

১৭।৬।২৫

মোহাম্মদ সুহেল মহিমুদ
উপসচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৮
E-mail-moa.input2@gmail.com

বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১. পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান (রাঙ্গামাটি ও বান্দরবান) ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
২. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৪৭ জেলা)।

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২১.২১০

তারিখ : ০৩ আষাঢ় ১৪৩২ / ১৭ জুন ২০২৫

অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।

৬. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৭. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিকমিয়া এভিনিউ, ঢাকা।
৮. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)**।
১১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৪. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. উপসচিব, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৪৭ জেলা)।
১৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা) **(শর্ত মোতাবেক যথাসময়ে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)**
১৮. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৯. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে ব্যয় সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ)**।
২০. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
২১. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব